তারিখ ... 0. JUN 1991... ...
পৃষ্ঠা... ২ ...কলাম... ৫...

দৈনিক ইত্তেফাক

23

# ক্যাম্পাসে উত্তেজনা

(ইত্তেফাক রিপোর্ট)

ক্যাম্পাসে উত্তেজনা কমে নাই। বুধবার রাতে স্যার এ,এফ রহমান হলের পাঠকক্ষে কয়েকটি দৈনিক পত্রিকা ছিঁড়িয়া ফেলার ঘটনাকে কেন্দ্র করিয়া উত্তেজনা বৃদ্ধি পায়। ছাত্রলীগ (আ-অ) এবং ছাত্র দলের কর্মীদের মধ্যে

(১১শ পৃ: ৩-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে উত্তেজনা

(১ম পৃঃ পর)

সৃষ্ট এই উত্তেজনা দমনে প্রক্টর, হলের প্রভোষ্ট বুধবার রাত ২টা পর্যন্ত হলে অবস্থান করেন। হল গেটে পুলিশের প্রহরা জোরদার করা হইলে পরিস্থিতি শান্ত হয়।

এফ রহমান হল ছাত্র সংসদের জিএস ছাত্রদলের মোঃ লিয়াকত আলী গতকাল এক বিবৃতিতে বলেন বুধবার রাত সাড়ে ৯টায় ছাত্রলীগের (আ-অ) জনৈক কর্মী পাঠ কক্ষে ইনকিলাব, মিল্লাত ও সংগ্রাম পত্রিকার পাতা ছিড়িয়া ফেলে এবং প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে উদ্দেশ করিয়া গালাগাল করে। ফলে হলে উত্তেজনা দেখা দেয়। এক পর্যায়ে জহুরুল হক হল হইতে ছাত্রলীগের ৮/১০জন কর্মী এফ রহমান হলে আসিয়া ছাত্রদলের কর্মীদেরকে হল হইতে চলিয়া যাওয়ার হুমকি দেয়। হল প্রভোষ্ট এবং প্রক্টর হলে আসার পর পরিস্থিতি শান্ত হয় বলিয়া বিবৃতিতে উল্লেখ করা হয়। জানা যায়, এই ঘটনার জের হিসাবে গতকাল কয়েকটি হলে ছাত্রদল এবং ছাত্রলীগের (আ-অ) কর্মীদের মধ্যে উত্তেজনা বৃদ্ধি পাইয়াছে। একটি সূত্রের মতে, এস, এম হল, জহুরুল হক হল, জগন্নাথ হলে ছাত্রদলের, মোহসীন, সূর্যসেন, জসীম, জিয়া হলে ছাত্রলীগের (আ-অ) কতিপয় কর্মী বিতাড়িত হইয়াছে।

এদিকে গতকালও ক্যাম্পাসে বিভিন্ন ছাত্র সংগঠনের বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। ছাত্রলীগ (আ-অ) ছাত্রলীগ (না-শ) জাতীয় ছাত্রলীগ, ছাত্রমৈত্রী প্রভৃতি ছাত্র সংগঠন মিছিল শেষে পৃথক সভায় অস্থায়ী প্রেসিডেন্টের টিভি, বেতার ভাষণকে স্বাগত জানাইয়া ৩ জোটের রূপরেখা বাস্তবায়নের দাবী জানাইয়াছে।

উপকূলীয় অঞ্চলে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদের ১ বৎসরের বেতন মওকুফ এবং বিনামূল্যে শিক্ষা উপকরণ সরবরাহের দাবীতে ছাত্র ফেডারেশন গতকাল ক্যাম্পাসে পৃথক সভার আয়োজন করে। ফয়জুল হাকিম লালা, সরদার ফারুক, সৈয়দ জাহাঙ্গীর সভায় বক্তৃতা করেন।